

বিজিসি ট্রাস্ট পরিচালিত বেগম গুল চেমনআরা একাডেমী (স্কুল এন্ড কলেজ)

বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ, চট্টগ্রাম।

প্রতিষ্ঠাতা: ইঞ্জিনিয়ার আফহার উদ্দিন আহমদ



২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, মানবিক) শাখার

ভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য

যোগাযোগ

০১৭৫৫-৫৮৮৬৪৩, ০১৮১৮৯০৭৪৪৮

ইমেইল: bgcasc7@gmail.com

Facebook page: BGC Academy-College Section-2020

ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীকে ভর্তির সময়
যা জমা দিতে হবে।

- ক. ভর্তি ফি
- খ. একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের মূল কপি এবং প্রত্যেকটির ২ কপি ফটোকপি।
- গ. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রসিদ ছবি।
- ঘ. A4 সাইজের ১টি এনভেলোপ (এনভেলোপে নিজের নাম, পিতার নাম, ঠিকানা ও অভিভাবকের মোবাইল নম্বর সঠিকভাবে লিখে দিতে হবে)।
- ঙ. শিক্ষার্থী জন্ম-নিবন্ধন কার্ডের কপি।
- চ. পিতা-মাতার NID এর ফটোকপি।

কলেজের ছাত্র/ছাত্রীদের নির্ধারিত ইউনিফর্ম:

ছাত্র: সাদা হাফ শার্ট, কালো প্যান্ট, কালো টাই ও কালো স্যু।

ছাত্রী: সাদা এপ্রোন (পকেটে নীল রঙ্গের বর্ডারসহ)

বিষয় নির্বাচিত-গাইডলাইন

বিষয়সমূহ	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
সকল বিভাগের জন্য আবশ্যিক বিষয় (৩টি)	১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
বিভাগ ভিত্তিক আবশ্যিক বিষয় (৩টি)	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন বিজ্ঞান ৩। উচ্চতর গণিত/ জীব বিজ্ঞান	১। অর্থনীতি ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৩। ভূগোল	১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২। হিসাব বিজ্ঞান ৩। ফিন্যান্স, ব্যাংকিং এবং বীমা।
বিভাগ ভিত্তিক ঐচ্ছিক বিষয় (১টি)	১। উচ্চতর গণিত/ জীব বিজ্ঞান	১। মনোবিজ্ঞান	১। পরিসংখ্যান/ অর্থনীতি

ক্লাস শুরু : ২ মার্চ, ২০২২ খ্রি. বুধবার

প্রতিষ্ঠান পরিচিতি

বি জি সি ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান বিশিষ্ট সমাজ সেবক ইঞ্জিনিয়ার আফহার উদ্দিন আহমদ এলাকার বহুতল ও অবহেলিত মানুষের ঘরে ঘরে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে ১৯৯৩ সালে তাঁর মরহুমা মা-এর নামানুসারে বেগম গুল চেমনআরা একাডেমী (স্কুল এন্ড কলেজ) প্রতিষ্ঠা করেন। অনন্য এই শিক্ষা প্রতিষ্ঠানে শিশু শ্রেণি থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে পড়ার সুযোগ রয়েছে। ইঞ্জিনিয়ার আফহার উদ্দিন আহমদ শুধুমাত্র এই প্রতিষ্ঠান করে থেমে থাকেননি। তিনি চন্দনাইশের কাঞ্চননগর এলাকায় চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পাশে ১০০ একরেরও অধিক জমি নিয়ে 'বি জি সি বিদ্যানগর' ক্যাম্পাস গড়ে তোলেন এবং এই ক্যাম্পাসে বেগম গুল চেমনআরা একাডেমী (স্কুল এন্ড কলেজ) এর পাশাপাশি বি জি সি ট্রাস্ট মেডিকেল কলেজ, ইব্রাহীম-ইকবাল মেমোরিয়াল হাসপাতাল, বেগম গুল চেমনআরা কলেজ অব নার্সিং ও মাওলানা মুহাম্মদ ইসহাক শিশু নিকেতন প্রতিষ্ঠা করে এ এলাকা তথা চট্টগ্রামের ছেলে-মেয়েদের জন্য সহজে উচ্চ শিক্ষা ও সেবা লাভের অপূর্ব সুযোগ সৃষ্টি করেছেন। শহর থেকে ৩৪ কি.মি. দূরবর্তী একটি গ্রাম-এলাকায় বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজসহ বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান করা সম্ভব এ কথা আগে কেউ ভাবেনি। কিন্তু বিশিষ্ট মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার আফহার উদ্দিন আহমদ নব প্রতিকূল অবস্থা ও বাধা-বিঘ্ন অত্যন্ত দৃঢ়তার সাথে কাটিয়ে উঠে তাঁর দীর্ঘদিনের লালিত স্বপ্ন ও শিক্ষা বিস্তারের মহৎ উদ্দেশ্য সফল করে অসাধ্য সাধন করেছে।

বর্তমানে তিনি তাঁর প্রতিষ্ঠিত বি জি সি ট্রাস্ট পরিচালিত সব প্রতিষ্ঠানে আন্তর্জাতিক মান নিশ্চিত করার লক্ষে রাত-দিন নিরলস পরিশ্রম করে চলেছেন। তাঁর উদ্যোগ, কর্মপ্রচেষ্টা ও ঈর্ষণীয় সাফল্যে দেশ ও জাতি উপকৃত।



সুযোগ-সুবিধা

- সরকারী উপবৃত্তির সুবিধা রয়েছে।
- ছাত্র/ছাত্রীদের যাতায়াতের জন্য পরিবহন সুবিধা (দূরত্বভেদে নির্ধারিত বাস ভাড়া পরিশোধ সাপেক্ষে)।
- সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহসহ পর্যাপ্ত সংখ্যক ক্লাসরুম।
- সমৃদ্ধ পাঠাগার, উন্নত বিজ্ঞানাগার ও আধুনিক কম্পিউটার ল্যাব।
- ছাত্র/ছাত্রীদের জন্য চিকিৎসা সুবিধা।
- দরিদ্র, মেধাবী ছাত্র/ছাত্রী ও বিধবা মায়ের সন্তান জন্য বেতন মওকুফের সুবিধা।
- একই পিতা-মাতার তিন বা তার অধিক সন্তান একাডেমীতে অধ্যয়নরত থাকলে একজনের বেতন মওকুফ সুবিধা।
- উপবৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য বিনা বেতনে অধ্যয়নের সুবিধা।
- ক্যান্টিন সুবিধা।
- বিশাল খেলার মাঠ।
- বেগম গুল চেমনআরা একাডেমী হতে এইচ.এস.সি পাশ করা ছাত্র/ছাত্রীদের জন্য বি জি সি ট্রাস্ট ইউনিভার্সিটিতে অগ্রাধিকার ও আর্থিক সুবিধা।

কলেজের বৈশিষ্ট্য

- রাজনীতি মুক্ত পরিবেশ।
- সুযোগ্য অধ্যক্ষের তত্ত্বাবধানে ও দিক-নির্দেশনায় অভিজ্ঞ ও দক্ষ শিক্ষক দ্বারা নিবিড় পাঠদান ও সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম পরিচালনা।
- ইংরেজি ও কম্পিউটার শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ।
- বিজ্ঞান বিভাগে GPA-5.00 (A+) প্রাপ্তদের বিনা বেতনে অধ্যয়নের সুযোগ।
- নিয়মিত ক্লাস টেস্ট ও মডেল টেস্ট এর ব্যবস্থা।
- নিয়মিত সাহিত্য ও সংস্কৃতি চর্চা কার্যক্রম।
- বহিরাঙ্গন ও অন্তরঙ্গন ক্রীড়া অনুষ্ঠানের ব্যবস্থা।
- রোভার স্কাউটিং ও গার্লস গাইড প্রশিক্ষণের সুযোগ।
- অমনোযোগী ছাত্র/ছাত্রীদের জন্য কাউন্সেলিং।
- আচরণ-বিধি মেনে চলার জন্য ছাত্র/ছাত্রীদের উপর কড়া কড়ি আরোপ।
- অভিভাবকের সাথে যোগাযোগ ও মত বিনিময় ব্যবস্থা।
- অধিক সংখ্যক ক্লাসের নিশ্চয়তা।